মুজিবনগরে দাড়িপাল্লায় ভোট দেওয়ায় স্বেচ্ছাসেবক দলের নেতার হাতে নিজ দলের কর্মী রক্তাক্ত জখম

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর গ্রামে দাড়িপাল্লা প্রতীকে ভোট দেওয়াকে কেন্দ্র করে দুই যুবককে মারধরের ঘটনা ঘটেছে। এতে একজন গুরুতর আহত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় উপজেলার বিশ্বনাথপুর গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, মজনু রহমানের ছেলে জুলফিকার আলী ভুট্টোর নেতৃত্বে কয়েকজন মিলে দাড়িপাল্লায় ভোট দেওয়ার অভিযোগে মাদার আলীর ছেলে আকুব্বার ও ইউনুচ আলীর ছেলে বাবলুকে বেধড়ক মারধর করে।

মারধরের একপর্যায়ে বাবলুর মাথায় গুরুতর আঘাত লাগে এবং তিনি রক্তাক্ত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন রয়েছেন।

আহত বাবলু জানান, তাদের পরিবার দীর্ঘদিন ধরে বিএনপির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত। তবে এবারের নির্বাচনে দাড়িপাল্লা প্রতীকে ভোট দেওয়ায় স্বেচ্ছাসেবক দলের মুজিবনগর উপজেলা শাখার সাবেক সাধারণ সম্পাদকের নেতৃত্বে তাদের ওপর হামলা চালানো হয় বলে তিনি অভিযোগ করেন।

তিনি আরও অভিযোগ করেন, ইউনিয়ন বিএনপির সিনিয়র নেতা মজনু রহমান ঘটনাস্থলে উপস্থিত ছিলেন।

অন্যদিকে, অভিযুক্তদের মধ্যে রয়েছেন মজনু, দেলোয়ার (পিতা: মজনু), ইজরাল (পিতা: মৃত গলি), হিরন (পিতা: আমজাদ), রাকিব (পিতা: দেলোয়ার), ভাষান (পিতা: মৃত দাউদ), হাসান (পিতা: আমজাদ) ও মনি (পিতা: আদম)।

এ বিষয়ে অভিযুক্ত জুলফিকার আলী ভুট্টো বলেন, পূর্বের একটি তুচ্ছ ঘটনার জের ধরে আকুব্বার নামের এক ব্যক্তির সঙ্গে কথা কাটাকাটির

সময় বাবলু নিজে থেকে মাঝখানে জড়িয়ে পড়লে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় আহত ব্যক্তির পক্ষ থেকে স্থানীয় থানায় অভিযোগ দায়েরের প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

মেহেরপুরে মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবক ও আনসারদের উপহার বিতরণ

মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবকে ঘিরে পূজা মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের মাঝে টি-শার্ট, নামাজের সময়সূচি ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মোবাইল নম্বর সম্বলিত ব্যানার এবং দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে শনিবার সকাল থেকে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম মেহেরপুরের বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেন এবং এইসকল উপহার বিতরণ করেন।

এসময় তিনি শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েবাড়ি রাধা মাধব মন্দির, শ্রী শ্রী হরিভক্তি প্রদায়ীনি পূজা মন্দির, বকুলতলা পূজা মন্দির, শ্রী শ্রী হরিজন বালক মন্দির, সদর উপজেলার গোভীপুর রায়পাড়া দুর্গাপূজা মণ্ডপসহ বিভিন্ন মন্দির পরিদর্শন করেন।

উপজেলা নির্বাহী অফিসার পূজা মণ্ডপগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদকদের সঙ্গে মতবিনিময় করেন এবং সবাইকে শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন করার আহ্বান জানান

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সম্পাদক সাগর গ্রেফতার

বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলার অন্যতম আসামি গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সাগর হোসেন (৪০) কে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

সাগর হোসেন গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের সরোয়ার হোসেনের ছেলে।

মেহেরপুর সেনাবাহিনীর একটি টিম গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, সম্প্রতি গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামে আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠণের নেতাকর্মীরা জড়ো হয়ে সরকার বিরোধী গোপন মিটিং করার অপরাধে একটি মামলা হয়। সে মামলার এজাহার নামীয় আসামি সাগর হোসেন। তাকে মঙ্গলবার দুপুরের দিকে আদালতে নেওয়া হলে তাকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন বিজ্ঞ বিচারক।

মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সমন্বয় সভা

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে মটমুড়া ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এর সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে’।

মটমুড়া ইউনিয়ন পরিষদ হলরুমে ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম ও ইউনিয়ন পরিষদের উদ্যোগে সমন্বয় সভা শুরু হয়। সভা শুরুতে ইউনিয়নের গ্রাম